

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯.২০.৫৭০.১৭-৪৫৩

তারিখঃ ০৫ অগ্রহায়ণ, ১৪২৪ বাং  
১৯ নভেম্বর, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভুক্ত ৭ম পর্বের উপকারভোগীদের নামে ব্যাংক একাউন্ট খোলা প্রসঙ্গে।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভুক্ত (৭ম পর্ব) এর কার্যক্রম নতুনভাবে ১৪টি জেলার ২০টি উপজেলায় শুরু হচ্ছে। নির্বাচিত ২০টি উপজেলার নাম যথাক্রমে পিরোজপুর সদর, পিরোজপুর; কোম্পানীগঞ্জ, সিলেট; মতলব(উত্তর), ফরিদগঞ্জ, চাঁদপুর; নকলা, শেরপুর; সোনাগাজী, ফেনী; গাইবান্ধাসদর, পলাশবাড়ি, গাইবান্ধা; শরণখোলা, মোড়লগঞ্জ, মোল্লারহাট, বাগেরহাট; সরিষাবাড়ি, জামালপুর; দেবহাটা, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা; গোদাগাড়ি, রাজশাহী; মুরাদনগর, নাঙ্গলকোট, কুমিল্লা; আজমিরিগঞ্জ, হবিগঞ্জ; বেলকুচি, সিরাজগঞ্জ; নাগরপুর, টাঙ্গাইল)।

২। এ কর্মসূচির প্রধান লক্ষ্য হচ্ছে শিক্ষিত বেকার যুবদের জন্য অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি করা। প্রথমত কর্মসূচির জন্য নির্বাচিত যুবদেরকে ৩ মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়। অতঃপর প্রশিক্ষিত যুবদেরকে বিভিন্ন সেবা প্রদানকারী সংস্থায়/বিভাগে ২ বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থান প্রদান করা হয়ে থাকে। কর্মসূচির নীতিমালা অনুযায়ী অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুবদের কর্মভাতা যুবদের নামে খোলা ব্যাংক হিসাব এর মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। এ জন্য কর্মসূচির ৭ম পর্বভুক্ত যুবদের জন্য যথাসময়ে ব্যাংকে একাউন্ট খোলার প্রয়োজন।

৩। বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং ১৭ তারিখ ২/৫/২০১০(কপি সংযুক্ত) অনুযায়ী বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংকে কর্মসূচির আওতাধীন বেকার যুবক/যুবনারীদের সঞ্চয়ী হিসাব নগদ ৫০/- (পঞ্চাশ) টাকা জমাপূর্বক একাউন্ট খোলা যাবে। উক্ত হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না এবং ঐ সকল হিসাব থেকে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না মর্মে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, কর্মসূচিভুক্ত যুবদের নামে যথাসময়ে ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরী।

সংযুক্তিঃ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার।

- প্রাপকঃ ১) উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
----- জেলা।
- ২) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
যুব উন্নয়ন অধিদপ্তর  
----- উপজেলা।

(আবুল হাছান খান)  
পরিচালক(পরিকল্পনা)  
ও  
পরিচালক(অঃ দাঃ)  
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি  
ফোন : ৯৫৬০৭০৩

অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক----- (সংশ্লিষ্ট জেলা)।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা----- (সংশ্লিষ্ট উপজেলা)।